# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৬৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে দাঁড়ানোর সময় ইমামের জন্য মুস্তাহাব হলো তিনি মুক্তাদীদেরকে কাতার সোজা করার নির্দেশ দিবেন

## ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْإِمَامِ أَنْ يَأْمُرَ الْمَأْمُومِينَ بِتَسْوِيَةِ الصُّفُوفِ عِنْدَ قِيَامِهِمْ إِلَى الصَّلَاةِ

আরবী

2165 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ وَعَلِيُّ بْنُ الْمَدِينِيِّ قَالَا: حَدَّثَنَا حُمَيْدُ بْنُ الْأَسْوَدِ قَالَ: حَدَّثَنَا مُصْعَبُ بْنُ ثَابِتِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ قَالَ: جِئْتُ فَقَعَدْتُ فَقَالَ مُحَمَّدُ بْنُ مُسْلِمِ بْنِ خَبَّابٍ: جَاءَ أَنَسُ بْنُ مَالِكٍ فَقَعَدَ مَكَانَكَ هَذَا فَقَالَ: تَدرُونَ مَا هَذَا العُودُ؟ قُلْنَا: لَا قَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ أَخَذَ بِيَمِينِهِ ثُمَّ الْتَفَتَ فَقَالَ: (اعْتَدِلُوا سَوُّوا صفوفكم) ثم أخذ بيساره ثم قال: (اعْتَدِلُوا سوُّوا صُفُوفَكُمْ) فَلَمَّا هُدِمَ الْمَسْجِدُ فُقِدَ فَالتَمَسَهُ عُمَرُ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ فَوَجَدَهُ قَدْ أَخَذَهُ بَنُو عَمْرِو بْنِ عَوْفٍ فَجَعَلُوهُ فِي مسجدهم فانتزعه فأعاده.
الراوي : مُصْعَبُ بْنُ ثَابِتِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2165 | خلاصة حكم المحدث: ضعيف – ((ضعيف أبي داود)) (102).

বাংলা

২১৬৫. মুস‘আব বিন সাবিত বিন আব্দুল্লাহ বিন যুবাইর থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি মাসজিদে গিয়ে বসি, তখন মুসলিম বিন মুসলিম বিন খাব্বাব আমাকে বলেন, “একবার আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু এসেছিলেন এবং তোমার এই জায়গায় বসেছিলেন তারপর তিনি বলেছিলেন, “তোমরা কি জানো এই লাঠিটি কী?” আমরা বললাম, “জ্বী, না।” তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাতে দাঁড়াতেন, তখন তিনি ডান হাতে এই লাঠি গ্রহণ করতেন, তারপর ডান দিকের কাতারের দিকে তাকিয়ে বলতেন, اعْتَدِلُوا سَوُّوا صفوفكم (আপনারা সোজা হয়ে দাঁড়ান এবং আপনাদের কাতারগুলো সমান করুন), তারপর তিনি এই

লাঠি বাম হাতে গ্রহণ করতেন এবং বাম দিকের কাতারের দিকে তাকিয়ে বলতেন, اعْتَدِلُوا سَوُّوا صفوفكم (আপনারা সোজা হয়ে দাঁড়ান এবং আপনাদের কাতারগুলো সমান করুন)।”

তারপর যখন মাসজিদ ধ্বসিয়ে দেওয়া হয়, তখন লাঠিটি হারিয়ে যায়। অতঃপর উমার রাদ্বিয়াল্লাহু আনহু তা অনুসন্ধান করেন এবং তা পেয়ে যান। লাঠিটি বানূ আমর বিন আওফ তা নিয়েছিলেন এবং তারা তা তাদের মাসজিদে রেখে দেন। তারপর উমার রাদ্বিয়াল্লাহু আনহু তাদের কাছ থেকে সেটি নিয়ে আসেন এবং তা পূর্বের স্থানে রেখে দেন।”[1]

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ৬৭০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮১১; বাইহাকী: ২/২২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ য‘ঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। (য‘ঈফ আবূ দাঊদ: ১০২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91483

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন